# বাংলাদেশ কৃষি ব্যাংক

প্রধান কার্যালয়
৮৩-৮৫, মতিঝিল বা/এ, ঢাকা।
ক্রেডিট বিভাগ
ফোন-০২-২২৩৩৮৮৯৪৯, ই-মেইল dgmsme@krishibank.org.bd

প্রকা/ক্রেঃবিঃ/শাখা-৪-এসএমই-৭(৮)/করোনা/২০২১-২২/ ১২৮৩(১২৫০) তারিখঃ ০৯/০১/২০২২

মহাব্যবস্থাপক, বিভাগীয় কার্যালয়সমূহ/স্থানীয় মুখ্য কার্যালয়, ঢাকা।
উপ-মহাব্যবস্থাপক, কর্পোরেট শাখাসমূহ।
সকল মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপক।
সকল শাখা ব্যবস্থাপক (মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপকের মাধ্যমে)
বাংলাদেশ কৃষি ব্যাংক।

বিষয় ঃ নভেল করোনা ভাইরাস ( COVID-19) এর প্রাদুর্ভাবের কারণে সিএমএসএমই (CMSME) খাতের জন্য মাননীয় প্রধানমন্ত্রী ঘোষিত বিশেষ প্রণোদনা প্যাকেজের (২য় পর্যায়) বাস্তবায়ন প্রসঙ্গে।

প্রিয় মহোদয়,

উপর্যুক্ত বিষয় এর প্রতি সদয় দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে।

০২। নভেল করোনা ভাইরাস (COVID-19) থেকে উদ্ভূত 'বৈশ্বিক মহামারি'র বিরূপ প্রভাব মোকাবেলায় মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনার সরাসরি তত্ত্বাবধান এবং দিক নির্দেশনায় দেশের অর্থনৈতিক কর্মকান্ড ও ব্যবসায় পরিবেশ পুনরুজ্জীবিতকরণ এবং কর্মসংস্থানের সুযোগ সৃষ্টি করতে কুটির শিল্পসহ ক্ষুদ্র ও মাঝারি শিল্প প্রতিষ্ঠানগুলোকে (সিএমএসএমই) স্বল্প সুদে ওয়ার্কিং ক্যাপিটাল ঋণ/বিনিয়োগ সুবিধা প্রদানের লক্ষ্যে ২০ হাজার কোটি টাকার একটি আর্থিক প্রণোদনা প্যাকেজ ঘোষিত হয়। উক্ত প্যাকেজের আওতায় বাংলাদেশ ব্যাংক কর্তৃক প্রদত্ত ২০২০-২০২১ অর্থবছরের ঋণ/বিনিয়োগ লক্ষ্যমাত্রার শতভাগ বাস্তবায়ন করায় বাংলাদেশ কৃষি ব্যাংক কে বাংলাদেশ ব্যাংকের পক্ষ থেকে প্রশংসাপত্র প্রদান করা হয়।

০৩। ব্যাংক ব্যবস্থাপনা কর্তৃপক্ষের সুদক্ষ নেতৃত্ব ও তদারকি এবং সকল স্তরের কর্মকর্তা/কর্মচারীদের অক্লান্ত পরিশ্রম, নিরবচ্ছিন্ন প্রচেষ্টা, আন্তরিকতা, সুপরিকল্পিতভাবে ও দক্ষতার সাথে কাজ সম্পাদন করায় এই সম্মান অর্জন সম্ভব হয়েছে। ব্যবস্থাপনা পরিচালক মহোদয় এ অর্জনে সংশ্লিষ্ট সকলকে ধন্যবাদ জ্ঞাপন করেছেন এবং আলোচ্য প্যাকেজের ২য় পর্যায়ের বাস্তবায়নে প্রয়োজনীয় নির্দেশনা প্রদান করেছেন। প্রণোদনা প্যাকেজের দ্বিতীয় পর্যায়ে (অর্থবছর:২০২১-২০২২) অত্র ব্যাংকের জন্য মোট বরাদ্দ ২০০.০০ কোটি টাকা লক্ষ্যমাত্রার বিপরীতে ৩০/১২/২০২১ তারিখ ভিত্তিক বিভাগওয়ারী ঋণ বিতরণের সার্বিক অবস্থা নিম্নরূপ ঃ

(কোটি টাকায়)

| ক্রঃ নঃ | বিভাগীয় কার্যালয় | সিএমএসএমই(কোভিড-১৯) প্রণোদনা প্যাকেজের দ্বিতীয় পর্যায় (অর্থবছর:২০২১-২০২২) | | | ৩০/১২/২০২১ ভিত্তিক আনুপাতিক লক্ষ্যমাত্রা | ৩০/১২/২০২১ ভিত্তিক আনুপাতিক লক্ষ্যমাত্রা অর্জন (কম/বেশী) |
|---|---|---|---|---|---|---|
| | | লক্ষ্যমাত্রা | অর্জন | অর্জনের হার | | |
| ১ | ঢাকা | ৪০.০০ | ১৬.৯১ | ৪২.২৭% | ২০.০০ | - ৩.০৯ |
| ২ | ময়মনসিংহ | ২৪.০০ | ৯.২৩ | ৩৮.৪৬% | ১২.০০ | - ২.৭৭ |
| ৩ | চট্টগ্রাম | ২৫.০০ | ১৪.৪১ | ৫৭.৬৪% | ১২.৫০ | + ১.৯১ |
| ৪ | খুলনা | ১৫.০০ | ৮.৫৮ | ৫৭.২০% | ৭.৫০ | + ১.০৮ |
| ৫ | বরিশাল | ৬.০০ | ৫.৩৭ | ৮৯.৫০% | ৩.০০ | + ২.৩৭ |
| ৬ | সিলেট | ১৫.০০ | ৬.৯৫ | ৪৬.৩৩% | ৭.৫০ | - ০.৫৫ |
| ৭ | কুমিল্লা | ৩৩.০০ | ১৫.৭৮ | ৪৭.৮২% | ১৬.৫০ | - ০.৭২ |
| ৮ | ফরিদপুর | ১৫.০০ | ৮.৪২ | ৫৬.১৩% | ৭.৫০ | + ০.৯২ |
| ৯ | কুষ্টিয়া | ২২.০০ | ৭.৮৬ | ৩৫.৭৩% | ১১.০০ | - ৩.১৪ |
| ১০ | এলপিও | ৫.০০ | ০.০৫ | ১.০০% | ২.৫০ | - ২.৪৫ |
| মোট | | ২০০.০০ | ৯৩.৬৪ | ৪৬.৮২% | ১০০.০০ | - ৬.৩৬ |

➤ উপরোক্ত সারণী পর্যালোচনায় দেখা যায় যে, চট্টগ্রাম, খুলনা, বরিশাল ও ফরিদপুর বিভাগ ব্যতীত অন্যান্য বিভাগীয় কার্যালয়সমূহ লক্ষ্যমাত্রার আনুপাতিক হার অর্জনে কিছুটা পিছিয়ে রয়েছে।

চলমান পাতা-০২

বিষয় : নভেল করোনা ভাইরাস ( COVID-19) এর প্রাদুর্ভাবের কারণে সিএমএসএমই (CMSME) খাতের জন্য মাননীয় প্রধানমন্ত্রী ঘোষিত বিশেষ প্রণোদনা প্যাকেজের (২য় পর্যায়) বাস্তবায়ন প্রসঙ্গে।

০৪। এমতাবস্থায়, এসএমইএসপিডি সার্কুলার নং-০৯/২০২১ তারিখঃ ০৯/০৯/২০২১ এ প্রদত্ত, অত্র বিভাগ কর্তৃক সময়ে সময়ে জারীকৃত এবং জুম মিটিং/পর্যালোচনা সভায় ব্যবস্থাপনা কর্তৃপক্ষ প্রদত্ত নির্দেশনাবলী যথাযথভাবে অনুসরনপূর্বক আনুপাতিক লক্ষ্যমাত্রা অর্জনসহ প্যাকেজের পূর্ণাঙ্গ বাস্তবায়ন নিশ্চিত করার জন্য সংশ্লিষ্ট সকলকে বিশেষভাবে অনুরোধ করা হলো।

অনুমোদনক্রমে-

আপনার বিশ্বস্ত

০৯/০১/২০২২

(মোহাম্মদ মঈনুল ইসলাম)
উপমহাব্যবস্থাপক
ফোন ঃ ০২-২২৩৩৮৮৯৪৯

নং-বিকেবি-প্রকা/ক্রেবি-(শাখা-৪)এসএমই-৭(৮)/করোনা/২০২১-২০২২/ ১১৮৯(১২৫০) তারিখঃ ০৯/০১/২০২২

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলোঃ

০১। চীফ স্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
০২। স্টাফ অফিসার, উপ-ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
০৩। স্টাফ অফিসার, সকল মহাব্যবস্থাপক মহোদয়ের দপ্তর, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
০৪। অধ্যক্ষ, বিকেবি, স্টাফ কলেজ, মিরপুর, ঢাকা।
০৫। সকল উপ-মহাব্যবস্থাপক/সচিব, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
০৬। উপ-মহাব্যবস্থাপক, আইসিটি সিস্টেমস, কার্ড ও মোবাইল ব্যাংকিং বিভাগ, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা। উপরোক্ত পত্রটি ব্যাংকের অফিসিয়াল ওয়েব সাইটে আপলোড করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।
০৭। সকল বিভাগীয় নিরীক্ষা কর্মকর্তা, বিকেবি, বিভাগীয় নিরীক্ষা কার্যালয়সমূহ।
০৮। সকল আঞ্চলিক নিরীক্ষা কর্মকর্তা, বিকেবি, আঞ্চলিক নিরীক্ষা কার্যালয়সমূহ।
০৯। নথি/মহানথি।

09/01/2022
(মুহাম্মদ মোশাররফ হোসেন)
সহকারী মহাব্যবস্থাপক